

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ২, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-২ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জুলাই ২০১৬ খ্রিঃ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩১.০৮৯.১৪-৭৩৮—স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৩ ও ১৬ ধারার বিধান অনুসারে সীমানা নির্ধারণ কর্মকর্তা কর্তৃক চূড়ান্তকৃত নিম্নবর্ণিত তফসিল অনুসারে পিরোজপুর জেলার ভান্ডারিয়া পৌরসভার সংরক্ষিত মহিলা আসনে নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে সংরক্ষিত মহিলা ওয়ার্ডের সীমানা নির্ধারণ করে সরকার আদেশ জারি করল :

পৌরসভার সংরক্ষিত ওয়ার্ড বিভাজিকরণ (তফসিল)

জেলার নাম : পিরোজপুর

উপজেলার নাম : ভান্ডারিয়া

পৌরসভার নাম : ভান্ডারিয়া পৌরসভা

সংরক্ষিত ওয়ার্ড নম্বর	সংরক্ষিত ওয়ার্ডভুক্ত সাধারণ ওয়ার্ডসমূহের নম্বর	সংরক্ষিত ওয়ার্ডের সীমানা, চৌহদ্দি (উত্তরে, দক্ষিণে, পূর্বে, পশ্চিমে) শেষ প্রান্তস্থিত রোড, গলি, মহল্লা খাল ইত্যাদির বর্ণনা)।
১	২	৩
০১	১, ২ ও ৩ নং ওয়ার্ড	উত্তরেঃ লক্ষ্মীপুরা মৌজার উত্তর সীমানা। দক্ষিণেঃ ভুবনেশ্বর নদীর পশ্চিম প্রান্ত থেকে শুরু করে পূর্ব দিকে সার্কিট হাউজ এবং নিজ ভান্ডারিয়া প্রাথমিক বিদ্যালয়ের পিছনের সীমানা হয়ে টি,এন্ড টি রোড দিয়ে পূর্ব দিকে নাইয়া বাড়ির রাস্তার পূর্ব পার্শ্ব দিয়ে ভুবনেশ্বর নদীর পাড় হয়ে মহিলা কলেজ ব্রীজ পর্যন্ত।

(১৩৬৮১)

মূল্য : টাকা ৪.০০

১	২	৩
		<p>পূর্বেঃ মহিলা কলেজ ব্রীজ হতে বাসস্ট্যান্ড রাস্তা হয়ে উত্তর দিকে মুচির খালের উত্তর পাড় হয়ে আফজাল মেম্বর বাড়ির সামনের রাস্তার সাথে মুচির খালের সংযোগ স্থান পর্যন্ত।</p> <p>পশ্চিমেঃ লক্ষ্মীপুরা মৌজার উত্তর-পশ্চিম কর্নার থেকে শুরু করে নদীর তীর হয়ে দক্ষিণে ভুবনেশ্বর নদীর উত্তর-পশ্চিম প্রান্ত পর্যন্ত।</p>
০২	৪, ৫ ও ৬ নং ওয়ার্ড	<p>উত্তরেঃ মহিলা কলেজের ব্রীজ থেকে বাসস্ট্যান্ড রাস্তা হয়ে উত্তর দিকে মুচির খালের দক্ষিণ পার্শ্ব হয়ে পূর্ব দিকে গৌরিপুর সীমানা পর্যন্ত।</p> <p>দক্ষিণেঃ আকনের হাওলা হইতে পূর্ব দিকে গৌরিপুর ইউনিয়নের সীমানা হয়ে পূর্ব দিকে মোবারক মাস্টারের বাড়ি (গৌরিপুর সীমানা) পর্যন্ত।</p> <p>পূর্বেঃ ৪নং সাধারণ ওয়ার্ডের উত্তর-পূর্ব কর্নার থেকে দক্ষিণ দিকে গৌরিপুর সীমানা হয়ে ৫নং সাধারণ ওয়ার্ডের দক্ষিণ-পূর্ব প্রান্ত পর্যন্ত।</p> <p>পশ্চিমেঃ আফজাল মেম্বর এর বাড়ির রাস্তার সাথে মুচির খালের সংযোগ স্থান থেকে শুরু করে মুচির খালের দক্ষিণ পাড় হয়ে বাসস্ট্যান্ড রাস্তা দিয়ে মহিলা কলেজ ব্রীজ হয়ে আলমগীর কবিরাজের বাড়ির পশ্চিম প্রান্ত পর্যন্ত।</p>
০৩	৭, ৮ ও ৯ নং ওয়ার্ড	<p>উত্তরেঃ নিজ ভান্ডারিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উত্তর-পূর্ব কর্নার থেকে পূর্ব দিকে টি, এন্ডটি, রোড হয়ে নাইয়া বাড়ির রাস্তার পূর্ব পার্শ্ব দিয়ে ভুবনেশ্বর নদীর পাড় সুইচগেট পর্যন্ত এবং আলমগীর কবিরাজের বাড়ির পশ্চিম প্রান্ত থেকে তৈয়ব চেয়ারম্যানের মিল বাড়ি পর্যন্ত।</p> <p>দক্ষিণেঃ গাজীপুর মৌজার দক্ষিণ সীমানা সম্পূর্ণ।</p> <p>পূর্বেঃ গাজীপুর মৌজা এবং কানুয়া মৌজার পূর্ব সীমানা দিয়ে উত্তর দিকে মুসলিম পাড়ার আংশিক এলাকা হয়ে আলমগীর কবিরাজের বাড়ির পশ্চিম প্রান্ত পর্যন্ত।</p> <p>পশ্চিমেঃ তৈয়ব চেয়ারম্যানের মিল বাড়ি হইতে দক্ষিণ দিকে নদীর তীর হয়ে গাজীপুর মৌজার দক্ষিণ-পশ্চিম সীমানা পর্যন্ত।</p>

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ. কে. এম. আনিছুলজামান  
সহকারী সচিব।